গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ৩১ মার্চ ২০১৫, ১৭ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মোবাইল ফোন ব্যবহারে নতুন আইন হচ্ছে : মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত
২। প্রধানমন্ত্রীর কাছে ডব্লিউআইপি অ্যাওয়ার্ড হস্তান্তর
৩। রাজধানীতে আবারও প্রকাশ্যে ব্লগার খুন
৪। জাতীয় সংসদে যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিল কণ্ঠভোটে পাস
৫। আগামীকাল থেকে এইচএসসি পরীক্ষা শুরু : এবার পরীক্ষার্থী প্রায় ১১ লাখ
৬। তিন বিষয় সামনে রেখে গণমুখী কর্মকৌশল নিয়েছে সরকার
৭। বেতন কমিশনের সুপারিশ বাস্তবায়নের সময় বাড়ল
৮। ভোগ্যপণ্য ও জীবনরক্ষাকারী ওষুধ অবাধে পাচার হচ্ছে মিয়ানমারে
৯। জাতীয় দুর্যোগ মোকাবিলা দিবস আজ : দুর্যোগ ব্যবস্থাপনায় রোল মডেল বাংলাদেশ
১০। হরতাল-অবরোধে তিন মাসে রিকন্ডিশন গাড়ি ব্যবসায়ীদের ক্ষতি ৭ হাজার কোটি টাকা
১১। শাকসবজি, চিংড়ি ও শুঁটকিতে ক্ষতিকর মাত্রায় কীটনাশক
: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রতিবেদন

চলমান পাতা/২

১।	মোবাইল ফোন ব্যবহারে নতুন আইন হচ্ছে : মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত

মোবাইল ফোন ব্যবহারের ওপর এক শতাংশ হারে উন্নয়ন সারচার্জ বাড়ছে। বর্তমানে মোবাইল ফোন গ্রাহকদের ১০০ টাকা রিচার্জ করলে তা থেকে ১৫ শতাংশ ভ্যাট কাটা হয়। এখন এর সঙ্গে আরও এক শতাংশ সারচার্জ বাড়িয়ে ১৬ শতাংশ আদায়ের বিধান রেখে নতুন আইন করার উদ্যোগ নিয়েছে সরকার। এজন্য ‘উন্নয়ন সারচার্জ ও লেভি (আরোপ ও আদায়) আইন, ২০১৫’ এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৩০ মার্চ সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভায় বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ অনুমোদনের কথা জানান। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.১,ক.৫), সমকাল (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)।

২।	প্রধানমন্ত্রীর কাছে ডব্লিউআইপি অ্যাওয়ার্ড হস্তান্তর

পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম শাহরিয়ার আলম গতকাল ৩০ মার্চ সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ‘উইমেন ইন পার্লামেন্ট (ডব্লিউআইপি) গ্লোবাল ফোরাম অ্যাওয়ার্ড’ হস্তান্তর করেছেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম শাহরিয়ার আলম মন্ত্রিপরিষদের সাপ্তাহিক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এ পুরস্কার হস্তান্তর করেন। উল্লেখ্য যে, গত ২৫ মার্চ ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবায় ডব্লিউআইপির সম্মেলনে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় রাজনীতিতে লিঙ্গ বৈষম্য হ্রাসে অনবদ্য ভূমিকা রাখার জন্য বাংলাদেশ সম্মানজনক এ পুরস্কার লাভ করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম শাহরিয়ার আলম এ পুরস্কার গ্রহণ করেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.২,ক.৪), ডেইলি সান (পৃ.২,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৮)।

৩।	রাজধানীতে আবারও প্রকাশ্যে ব্লগার খুন

জঙ্গি গ্রুপের হাতে লেখক ও ব্লগার ড. অভিজিৎ রায় হত্যার এক মাসের ব্যবধানে আরো একজন ব্লগারকে হত্যা করা হলো। জঙ্গিদের হাতে খুন হওয়া চতুর্থ ব্লগার হলেন ওয়াশিকুর রহমান বাবু। গতকাল ৩০ মার্চ সোমবার সকালে তেজগাঁওয়ের দক্ষিণ বেগুনবাড়ি এলাকায় প্রকাশ্যে চাপাতি দিয়ে কুপিয়ে তাকে হত্যা করা হয়। এসময় স্থানীয় জনতা দুই ঘাতককে আটক করে পুলিশে সোপর্দ করে। আটককৃতরা হলো জিকরুল্লাহ ওরফে জিকির ও আরিফুর রহমান। এদের মধ্যে জিকির চট্টগ্রামের হাটহাজারী মাদ্রাসার তাফছীর বিভাগ ও আরিফ ঢাকার মিরপুর-১ নম্বরের দারুল উলুম মাদ্রাসার এবতেদায়ি শ্রেণির ২য় বর্ষের শিক্ষার্থী। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, সংবাদ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪।	জাতীয় সংসদে যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিল কণ্ঠভোটে পাস

তালিকাভুক্ত যুব সংগঠনের শৃঙ্খলা কার্যক্রমে জবাবদিহিতা নিশ্চিত করতে গতকাল ৩০ মার্চ সোমবার জাতীয় সংসদে উত্থাপিত ‘যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) বিল-২০১৫’ কণ্ঠভোটে পাস হয়েছে। পাস হওয়া বিলে মিথ্যা তথ্য, ব্যক্তি বা রাজনৈতিক স্বার্থে যুব সংগঠন বা তার অর্থ ও সম্পদ ব্যবহারের প্রমাণ মিললে সর্বোচ্চ ছয় মাসের কারাদণ্ড অথবা ৫০ হাজার টাকা অর্থদণ্ডের বিধান রাখা হয়েছে। একই সঙ্গে সংগঠন বিলুপ্তির বিধানও রয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.৮), প্রথম আলো (পৃ.৫,ক.৪), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬)।

৫।	আগামীকাল থেকে এইচএসসি পরীক্ষা শুরু : এবার পরীক্ষার্থী প্রায় ১১ লাখ

আগামীকাল ১ এপ্রিল বুধবার থেকে শুরু হচ্ছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। এ উপলক্ষে গতকাল ৩০ মার্চ সোমবার সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানান, গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থী কমেছে ৬৭ হাজার ৪৯০ জন। সম্মেলনে জানানো হয়, ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের অধীনে ১০ লাখ ৭৩ হাজার ৮৮৪ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ নেবে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৬।	তিন বিষয় সামনে রেখে গণমুখী কর্মকৌশল নিয়েছে সরকার

সামাজিক খাতের সাফল্য ধরে রাখতে তিন বিষয় সামনে রেখে গণমুখী কর্মকৌশল গ্রহণ করেছে সরকার। এগুলো হচ্ছে-দারিদ্র্যবিমোচন, শিক্ষা ও স্বাস্থ্য এবং নারীর ক্ষমতায়ন বৃদ্ধি। এ লক্ষ্যে আগামী ২০১৫-১৬ অর্থবছরের বাজেটেও অতিরিক্ত বরাদ্দ রাখার কৌশল নির্ধারণ করা হচ্ছে। ২৩ বছরে দেশে যত লোক দারিদ্র্যমুক্ত হয়েছে তার প্রায় ৪৫ শতাংশ ঘটেছে গত পাঁচ বছরে। এই সময়ে মানুষের গড় আয়ু বৃদ্ধি পেয়ে ৭০ দশমিক ৩ বছর হয়েছে। এছাড়া লিঙ্গ বৈষম্য হ্রাসে দক্ষিণ এশিয়াতে বাংলাদেশের অবস্থান বর্তমানে শীর্ষে। সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির লক্ষ্যভিত্তিক সম্প্রসারণ দারিদ্র্য হ্রাসে সবচেয়ে বেশি কার্যকর ভূমিকা রেখেছে। এজন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে বাজেট বরাদ্দ এবং সুবিধাভোগীর সংখ্যা বাড়ানো হবে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১)।

৭।	বেতন কমিশনের সুপারিশ বাস্তবায়নের সময় বাড়ল

বেতন কমিশনের সুপারিশ বাস্তবায়নের সময় বাড়লো আরও আট সপ্তাহ। কমিশনের সুপারিশ বাস্তবায়নে

এর আগেও এক দফা সময় বাড়ানো হয়েছিলো। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত একটি আদেশ জারি করা হয়েছে। পহেলা জুলাই থেকে নতুন বেতন কাঠামো বাস্তবায়ন হওয়ার কথা রয়েছে। নতুন করে সময় বাড়ানোর কারণে এ বিষয়ে গঠিত কেবিনেট কমিটিকে আগামী ১৩ মে'র মধ্যে বেতন ও চাকরি কমিশনের প্রতিবেদন পর্যালোচনা করে রিপোর্ট দিতে হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৫), সমকাল (পৃ.১৯,ক.৬)।

৮। ভোগ্যপণ্য ও জীবনরক্ষাকারী ওষুধ অবাধে পাচার হচ্ছে মিয়ানমারে

উখিয়া ও নাইক্ষ্যংছড়ির বিভিন্ন পয়েন্ট দিয়ে বানের পানির মত মিয়ানমারে পাচার হচ্ছে ভোগ্যপণ্য ও জীবনরক্ষাকারী ওষুধ সামগ্রী। তুমব্রু বাজার কমিটির প্রদত্ত টোকেনের বদৌলতে প্রতি সপ্তাহে ২০ লক্ষাধিক টাকার সামগ্রী বাজারে ব্যবসায়ীরা গুদামজাত করে সুযোগ বুঝে ওপারে পাচার করে দেওয়ার সত্যতা একাধিক স্থানীয় ব্যবসায়ী স্বীকার করলেও পাচার প্রতিরোধ করা হচ্ছে না। মরিচ্যা বিজিবি'র সদস্যরা সম্প্রতি ২০ লক্ষাধিক টাকার ওষুধ সামগ্রী উদ্ধার করে বালুখালী কাস্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬)।

৯। জাতীয় দুর্যোগ মোকাবিলা দিবস আজ : দুর্যোগ ব্যবস্থাপনায় রোল মডেল বাংলাদেশ

বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগের দেশ। জলবায়ু পরিবর্তন, অধিক জনসংখ্যা এবং দারিদ্র্য দুর্যোগের ঝুঁকি অনেক বাড়িয়ে দিয়েছে। পৃথিবীর সবচেয়ে ঘনবসতিপূর্ণ এ দেশের মানুষের মনের জোর ও বৈরী প্রকৃতির বিরুদ্ধে লড়াই করে টিকে থাকার শক্তি পৃথিবীর কাছে এক আদর্শ। দুর্যোগ ব্যবস্থাপনায় বিশ্বে রোল মডেল এখন বাংলাদেশ। এরই মধ্যে আজ সারাদেশে পালিত হচ্ছে জাতীয় দুর্যোগ মোকাবিলা দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'বিজ্ঞানভিত্তিক তথ্য জানি, দুর্যোগের ক্ষতি কমিয়ে আনি'। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.১)।

১০। হরতাল-অবরোধে তিন মাসে রিকন্ডিশন গাড়ি ব্যবসায়ীদের ক্ষতি ৭ হাজার কোটি টাকা

হরতাল-অবরোধে রিকন্ডিশন গাড়ি আমদানিকারকদের গত তিন মাসে ক্ষতি হয়েছে প্রায় ৭ হাজার কোটি টাকা। একই সঙ্গে ব্যাংক, বন্দর চার্জ এবং নিলাম খাতে সরকারের প্রণোদনা ছাড়া এই মুহূর্তে ব্যবসা চালিয়ে যাওয়া একেবারেই সম্ভব নয় বলে জানিয়েছে বাংলাদেশ রিকন্ডিশন ভেহিক্যালস ইম্পোর্টার্স অ্যান্ড ডিলার্স অ্যাসোসিয়েশন (বারবিডা)। গতকাল ৩০ মার্চ সোমবার জাতীয় প্রেসক্লাবে বারবিডা আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি করা হয়েছে। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.২), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), ডেইলি সান (শেষ পৃ.,ক.২)।

১১। শাকসবজি, চিংড়ি ও শুঁটকিতে ক্ষতিকর মাত্রায় কীটনাশক : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রতিবেদন

শাকসবজি, চিংড়ি ও শুঁটকিতে ক্ষতিকর মাত্রায় কীটনাশকের অস্তিত্ব পেয়েছে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)। এর মধ্যে সবচেয়ে বেশি কীটনাশক ব্যবহার করা হচ্ছে শুঁটকিতে। ২০১১ থেকে ২০১৪ সাল পর্যন্ত দেশের ১২টি জেলার বিভিন্ন বাজার থেকে সংগৃহীত ৪৫৪টি নমুনা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বারি এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়, এখনই ব্যবস্থা না নিলে কীটনাশকের অনিয়ন্ত্রিত ব্যবহার মারাত্মক স্বাস্থ্যঝুঁকির কারণ হতে পারে। 'খাদ্যে কীটনাশকের অবশেষ : বাংলাদেশ পরিপ্রেক্ষিত' শীর্ষক বারির এই গবেষণা প্রতিবেদন গতকাল ৩০ মার্চ সোমবার অষ্টম ওয়ান হেলথ বাংলাদেশ সম্মেলনে উপস্থাপন করা হয়। সম্মেলনে নিরাপদ খাদ্য নিয়ে ছিল আরও তিনটি গবেষণা প্রতিবেদন। সম্মেলনের আয়োজক সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)। সূত্র-প্রথম আলো (পৃ.১, ক.৬)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে এক প্রধান প্রার্থীর বিরুদ্ধে নির্বাচনী বিধি লঙ্ঘনের প্রসঙ্গ তুলে ধরে নির্বাচনী আচরণবিধি মানার প্রশ্নে নির্বাচন কমিশনকে কঠোর হওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : চলমান অস্থিরতায় কৃষি পণ্য অবিক্রিত থাকায় কৃষকের বিপুল লোকসান হওয়ার প্রেক্ষিতে কৃষকের জীবনমান রক্ষায় সুষ্ঠু বাজার ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : সাতক্ষীরার আশাশুনিতে চলন্ত গাড়ি থেকে জঙ্গি আসামী পালিয়ে যাওয়ায় দায়িত্ব পালনে আইনশৃঙ্খলা বাহিনীকে আরও সতর্ক থাকার আহ্বান;

ঘ. সংবাদ : পাবলিক পরীক্ষায় 'নোট-গাইড' থেকে হুবহু প্রশ্ন তুলে দেওয়া বন্ধ করতে দ্রুত ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঙ. সমকাল : মাদারীপুরে প্রভাবশালীদের দ্বারা ক্লিনিক সিন্ডিকেটের মাধ্যমে রোগীদের প্রতারিত করার ঘটনা তুলে ধরে স্বাস্থ্য প্রশাসনকে এসব অবৈধ ক্লিনিক ও প্যাথলজিক্যাল সেন্টার বন্ধ করার ব্যবস্থা গ্রহণের আহ্বান;

চ. যুগান্তর : বঙ্গবন্ধু সেতুর পূর্বপাড় অবৈধ বালু উত্তোলনের কারণে হুমকিতে পড়ায় এ ব্যাপারে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং জেলা প্রশাসনকে দ্রুত ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা;

ছ. ডেইলি স্টার : আসন্ন ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্নে নির্বাচন কমিশনকে সবার

জন্য সমান লেভেল প্লেয়িং ফিল্ড তৈরির আহ্বান;

জ. ইন্ডিপেনডেন্ট : চাল আমদানির নেতিবাচক প্রভাব থেকে কৃষকদের রক্ষায় সরকারকে কার্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. ডেইলি সান : উচ্চ শিক্ষার গুণগতমান বৃদ্ধিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ইউজিসিকে একটি স্বাধীন অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠন করার আহ্বান;

ঞ. নিউজ টুডে : দারিদ্র্যবিমোচনের লক্ষ্যমাত্রা পূরণে সরকারকে নানাবিধ প্রকল্প গ্রহণের সুপারিশ;

ট. ফিনানসিয়াল এক্সপ্রেস : বিদেশে চাকুরি নিয়ে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট দেশের ভাষা ও আচরণগত বিধানগুলো ভালোভাবে জেনে নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে বিদ্যমান রাজনৈতিক পরিস্থিতিতে নির্বাচন কমিশন কতটা সংবিধান প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করতে পারবে তার ওপরই নির্ভর করছে এই নির্বাচনটির সার্থকতা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'মুক্তির সংগ্রাম ও সংস্কার' শিরোনামের নিবন্ধে ড. মোহাম্মদ আবদুল মজিদ যে কোনো সমস্যা মোকাবিলায় প্রয়োজন সমাধানের জন্য সিদ্ধান্ত গ্রহণ, সমস্যা পরিপোষণের জন্য নয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা